

FORM 15G and 15H

সময়মত সুদ পেমেন্ট করা হয় / জমা পড়ে। আয়কর আইন, 1961 এর আওতাধীন প্রযোজ্য হারে ট্যাক্স ডিডাকশান অ্যাট সোর্স (টিডিএস) সাপেক্ষে সুদ ডিপোজিট করা হয়। তবে এইধরনের টিডিএস, এবং অন্যান্য আরো অনেককিছুও, নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে প্রযোজ্য হবে না :

- যখন ভারতের **আবাসিক** কোনো ব্যক্তিকে কোনো শাখার মোট যে সুদ পেমেন্ট করা/জমা করার কথা, তার অঙ্ক একটি আর্থিক বছরে (1লা এপ্রিল থেকে 31শে মার্চ পর্যন্ত সময়ে) ₹10,000 (1লা জুন 2007 এর আগে হলে ₹5000)কে ছাড়িয়ে যায় না।
- কোনো ব্যক্তির ক্ষেত্রে (কোম্পানি বা ফার্ম ছাড়া) [রুল 29C-র সঙ্গে পঠিত ধারা 197A(1A)] :**
 - যিনি ভারতের **আবাসিক**, এবং
 - যাঁর উক্ত আর্থিক বছরে (1লা এপ্রিল থেকে 31শে মার্চ পর্যন্ত সময়ে) আনুমানিক মোট আয়ে **বার্ষিক মোট আয়করগত দায় শূন্য** (অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে মোট আয়করগত দায় কোনোরকম টিডিএস না ধরে গণনা করতে হবে) এবং
 - উক্ত আর্থিক বছরে টার্ম ডিপোজিট (গুলিতে)-এ পেমেন্ট করণীয় / জমা করণীয় মোট 'সুদ' যেন সর্বোচ্চ অঙ্ক না ছাড়িয়ে যায় বা যেন সেই ব্যক্তি আয়করে প্রযোজ্য চার্জের আওতায় না পড়েন এবং
 - যিনি তাঁর শাখায় নির্দিষ্ট **Form No 15G (ডুপ্লিকেট কপি)** যথাযথ ভাবে পূরণ করে **প্রতি** আর্থিক বছরে **যথেষ্ট আগে থেকে** জমা করেন। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে প্রত্যেক আর্থিক বছরের জন্য **Form 15G** জমা দেওয়া দরকার। এছাড়া খেয়াল রাখবেন যে **Form No 15G** জমা দেওয়ায় কোনরকম বিলম্ব বা ত্রুটি হলে এই জমা দেওয়ার তারিখে বা তার আগে যে সুদ পেমেন্ট / জমা করার কথা (সেই শাখায়), তার জন্য ন্যায্য টিডিএস কাটা হবে। সেক্ষেত্রে টিডিএস ফেরত দেবার যাবতীয় দায় ব্যাক্সের ওপর নয়, বর্তাবে সরাসরি আয়কর বিভাগের ওপর।
- কোনো ব্যক্তির ক্ষেত্রে) [রুল 29C-র সঙ্গে পঠিত ধারা 197A(1C)]:**
 - যিনি ভারতের **আবাসিক**, এবং
 - যার বয়স উক্ত আর্থিক বছরের (1লা এপ্রিল থেকে 31শে মার্চ পর্যন্ত সময়ে) **যেকোনো সময়ে 60 বা তার চেয়ে বেশি থাকে**, এবং
 - যার আনুমানিক মোট আয়ে **বার্ষিক মোট আয়করগত দায় শূন্য** (অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে মোট আয়করগত দায় কোনোরকম টিডিএসনা ধরে গণনা করতে হবে), এবং
 - যিনি তাঁর শাখায় নির্দিষ্ট **Form No 15H (ডুপ্লিকেট কপি)** যথাযথ ভাবে পূরণ করে **প্রতি** আর্থিক বছরে **যথেষ্ট আগে থেকে** জমা করেন। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে প্রত্যেক আর্থিক বছরের জন্য **15H** জমা দেওয়া দরকার। এছাড়া খেয়াল রাখবেন যে **15H** জমা দেওয়ায় কোনরকম বিলম্ব বা ত্রুটি হলে এই জমা দেওয়ার তারিখে বা তার আগে যে সুদ পেমেন্ট/জমা করার কথা (সেই শাখায়), তার জন্য ন্যায্য টিডিএস কাটা হবে। সেক্ষেত্রে টিডিএস ফেরত দেবার যাবতীয় দায় ব্যাক্সের ওপর নয়, বর্তাবে সরাসরি আয়কর বিভাগের ওপর।